



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০।  
বাংলাদেশ

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্র: বিআরপিডি(পি-১)/৭৬০/০২/২০০৮/৩৬৯৩-৩৭৪০

সেপ্টেম্বর ৩০, ২০০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা/রাজশাহী।

প্রিয় মহোদয়,

**ব্যাংকসমূহ কর্তৃক সেবা খাতে আদায়কৃত চার্জ/ফি/ কমিশন যৌক্তিকীকরণ প্রসঙ্গে।**

ব্যাংকসমূহের চার্জ/ফি/কমিশন ইত্যাদির হার যৌক্তিকীকরণের বিষয়টি নিয়ে বিভিন্ন সময়ে বাংলাদেশ ব্যাংকের সাথে বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস (BAB) এবং এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ লিমিটেড (ABB) এর আলোচনা হয়। এ বিষয়ে BAB এবং ABB এর পক্ষ হতে দাখিলকৃত প্রস্তাবনা/মতামত পর্যালোচনাপূর্বক ব্যাংকসমূহ কর্তৃক সেবা খাতে আদায়কৃত চার্জ/ফি/কমিশন হ্রাস/যৌক্তিকীকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১) ষান্মাসিক এবং বাৎসরিক ভিত্তিতে অর্থাৎ বছরে দু'বার গ্রাহককে স্থিতি নিশ্চিতকরণ সনদ (Balance Confirmation Certificate) প্রদানের জন্য কোন চার্জ আদায় করা যাবে না। তবে কেউ যদি বছরে দু'বারের বেশী এ সনদ নিতে চায় শুধুমাত্র সে ক্ষেত্রেই সর্বোচ্চ ২০০/-টাকা চার্জ আদায় করা যাবে ;
- ২) ফরেন করেসপন্ডেন্ট চার্জ (স্থানীয় অংশ), এলসি বাতিল কিংবা মেয়াদোত্তীর্ণ অব্যবহৃত এলসি চার্জ সম্পূর্ণরূপে বাতিল করতে হবে ;
- ৩) এলসি ট্রান্সমিশন, এলসি অ্যামেন্ডমেন্ট, কনফারমেশন, ক্যানসেলেশন, ফরেন করেসপন্ডেন্ট চার্জ এর ক্ষেত্রে মেইলিং, কুরিয়ার, টেলেক্স, সুইফট ইত্যাদি ক্ষেত্রে প্রকৃত ব্যয়ের ভিত্তিতে (At actual) চার্জ আদায় করা যাবে ;
- ৪) এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকের সর্বোচ্চ হার ০.৫০%, ইউজাস এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকের সর্বোচ্চ হার ০.৬০% এবং ১০০% নগদ মার্জিনে এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকের সর্বোচ্চ হার ০.২৫% নির্ধারণ করা যাবে ;
- ৫) এলসি এডভাইসিং চার্জ সর্বোচ্চ ১০০০/- টাকা, এলসি এ্যাকসেপটেন্স চার্জ প্রতি ত্রৈমাসিকের সর্বোচ্চ হার ০.৪০% এবং স্থানীয়ভাবে কনফারমেশনের ক্ষেত্রে সর্বোচ্চ হার ০.২৫% নির্ধারণ করা যাবে ;
- ৬) ব্যাক টু ব্যাক এল সি সার্টিফিকেট ইস্যুর চার্জ, সি এন্ড এফ সার্টিফিকেট ইস্যুর চার্জ, রফতানী মূল্য আদায়ের সার্টিফিকেট (PRC) ইস্যুর চার্জ সর্বোচ্চ ৫০০/- টাকা নির্ধারণ করা যাবে ;
- ৭) বিও সনদ প্রদানের চার্জ সর্বোচ্চ ১০০/- টাকা নির্ধারণ করা যাবে ;

চলমান পাতা-২



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০।  
বাংলাদেশ

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

- ২ -

- ৮) এখন থেকে নিয়মিতভাবে যান্মাসিক ভিত্তিতে অর্থাৎ জুন ও ডিসেম্বর ভিত্তিক চার্জ/ফি/কমিশনের তালিকা বাংলাদেশ ব্যাংকে যথাক্রমে জুলাই ৩০ ও জানুয়ারী ৩০ এর মধ্যে প্রেরণ করতে হবে ;
- ৯) চার্জ/ফি/কমিশনের কোন পরিবর্তন হলে তা আবশ্যিকভাবে অত্র বিভাগকে অবহিত করতে হবে;
- ১০) চার্জ/ফি/কমিশনের তালিকা ও তার কোন পরিবর্তন হলে আবশ্যিকভাবে তা তাদের স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ;
- ১১) বিষয়টি গ্রাহকের নিকট স্পষ্টীকরণের লক্ষ্যে প্রত্যেক ব্যাংককে তাদের চার্জেস এর পূর্ণ তালিকা (Schedule of Charges) প্রধান কার্যালয় এবং সকল শাখা অফিসসমূহে প্রদর্শন করতে হবে এবং
- ১২) বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে চার্জ/ফি/কমিশন এর হার পর্যালোচনাপূর্বক তা যৌক্তিকীকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

এমতাবস্থায় উপরোক্ত সুপারিশসমূহ বাস্তবায়ন তথা আপনাদের শাখাসমূহ কর্তৃক পরিপালনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত

(নির্মল চন্দ্র ভক্ত)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন-৭১২৫৮৪৪